গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**রেলপথ মন্ত্রণালয়**
**বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা**
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের **২০১৯-২০** অর্থবছরের বাজেটের ২য় প্রান্তিকের (অক্টোবর, ২০১৯ - ডিসেম্বর, ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি ও রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন (জুলাই, ২০১৯ - ডিসেম্বর, ২০১৯) প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদনের নিমিত্ত **২৯.০১.২০২০** তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোফাজ্জেল হোসেন, সিনিয়র সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৯.০১.২০২০ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ ( কক্ষ নং-৯৩০, নবম তলা), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট'ক' দ্রষ্টব্য

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মন্তব্য করেন, ইতিমধ্যে ২০১৯-২০ অর্থ বছরের ছয় মাস অতিক্রান্ত হয়েছে। এই ছয় মাসের অগ্রগতি ও অর্জন পর্যালোচনা ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মূল্যায়ন শেষে আজ অনুমোদন করতে হবে। এমতাবস্থায়, আজকের সভার আলোচ্যসূচী উপস্থাপনার জন্য তিনি রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার জনাব আহমেদ মোর্শেদ, অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়'কে আহবান জানান।

০৩। জনাব আহমেদ মোর্শেদ সভাকে জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রি করতে হবে। এছাড়া বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান করতে হবে। জনাব আহমেদ মোর্শেদ সভাকে আরো অবহিত করেন রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের ২য় কোয়ার্টারের (অক্টোবর, ২০১৯ – ডিসেম্বর, ২০১৯) কর ব্যতীত রাজস্ব প্রাপ্তি ও বাজেটের বিপরীতে অগ্রগতি পর্যালোচনা করা আবশ্যক। এ লক্ষ্যে আজকের এ সভার আয়োজন করা হয়েছে।

০৪। সভায় জানানো হয় যে, ২০১৯-২০ অর্থবছরের অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ৩০ জানুয়ারী, ২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এপিএএমএস সফটওয়্যারে দাখিল করতে হবে। বিগত ২২শে জানুয়ারী, ২০২০ তারিখে মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুল কর্তৃক অর্ধবার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করা হয়েছে। আজকের এ সভায় এ যাবত প্রাপ্ত তথ্যের আলোকে খসড়া অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত খসড়া অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনটি পর্যালোচনা ও পর্যালোচনা শেষে অনুমোদন করা যেতে পারে। অত:পর জনাব আহমেদ মোর্শেদ রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্ধবছরের খসড়া অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন।

০৫। প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যলোচনায় দেখা যায়, অধিকাংশ সূচকের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। এরমধ্যে রয়েছে রেলপথ, রেলসেতু ও স্টেশন বিল্ডিং নির্মাণ কার্যক্রম, দোহাজারী-রামু-কক্সবাজার এবং রামু-গুনদুম(মায়ানমার বর্ডার) পর্যন্ত ডুয়েলগেজ রেল ট্র্যাক নির্মাণ, পদ্মাসেতু রেল সংযোগ প্রকল্পের আওতায় ভৌত কাজ সম্পাদন, আখাউড়া-আগরতলা ডুয়েলগেজ রেল সংযোগ নির্মাণ (বাংলাদেশ অংশ), পাহাড়তলী ওয়ার্কসপ আধুনিকীকরণ, নতুন ট্রেন চালুকরণ, যাত্রীসেবা কার্যক্রম পরিবীক্ষণ, নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনা বৃদ্ধিমূলক কার্যক্রম, রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ, মন্ত্রণালয়ে সকল শাখায় ই-নথি ব্যবহার, পিআরএল সংক্রান্ত আদেশ জারী, ছুটি নগদায়ন সংক্রান্ত পত্র জারী, নিয়োগ বিজ্ঞপ্তি জারী, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রতিবেদন নির্ধারিত সময়ে অনলাইনে দাখিল, এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ইত্যাদি।

০৬। সভায় বেশ কিছু গুরুত্বপূর্ণ সূচকের ক্ষেত্রে লক্ষ্যণীয় অগ্রগতি না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। এগুলোর মধ্যে রয়েছে পিএসসি সভা আয়োজন, আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন, মন্ত্রণালয়ের কর্মকর্তা কর্তৃক বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন, চট্টগ্রামে ১টি ৫০০ বেডের হাসপাতাল ও মেডিকেল স্থাপন প্রকল্পের বেসরকারী উদ্যোক্তার সাথে চুক্তি স্বাক্ষর, চট্টগ্রামে ১টি শপিংমল কাম গেস্ট হাউজ নির্মাণ প্রকল্পের বেসরকারী উদ্যোক্তার সাথে চুক্তি স্বাক্ষর, নিরাপদ রেলসেবা প্রদানের আওতায় সিগনালিং ব্যবস্থা, সিসি ক্যামেরা স্থাপন, রেলসেতু প্রাঙ্গনে বেষ্টনী নির্মাণ ইত্যাদি। সভাপতি মহোদয় কার্যসম্পাদন চুক্তির আওতায় বাস্তবায়নাধীন কার্যক্রম লক্ষমাত্রা অনুসারে চলতি অর্থ বছরের বাকী সময়ে যাতে যথাযথ মাত্রায় সম্পাদিত হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের প্রতি আহবান জানান।

০৭। সভায় বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন এর উপর ফলাবর্তক প্রদানকালে পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ কার্যক্রমে অর্জন সন্তোষজনক। এরমধ্যে রয়েছে বিদ্যমান রেলপথ ও রেলসেতু রক্ষণাবেক্ষণ এবং বিদ্যমান রেলসেতু পুনর্বাসন কার্যক্রম। তবে এরূপ কার্যক্রম এর অর্জন সন্তোষজনক হলেও যথাযথ প্রমানক দ্বারা সমর্থিত নয়। সভায় আরও দেখা যায়, বেশকিছু সূচকের ক্ষেত্রে বাস্তবায়নে মধ্যম ও উচ্চ ঝুঁকি রয়েছে। এর ফলে রেলপথ মন্ত্রণালয়ের সার্বিক অর্জন ও অগ্রগতি ব্যাহত হতে পারে। সভাপতি মহোদয় এসময় অর্জনের যথাযথ প্রমানক সরবরাহ করার জন্য বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহবান জানান।

০৮। সভায় অতিরিক্ত সচিব আহমেদ মোর্শেদ জানান, মন্ত্রিপরিষদ বিভাগ হতে মন্ত্রণালয়ে বিভাগে সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত অধিশাখা/শাখা সৃজনের জন্য নির্দেশনা দেয়া আছে। রেলপথ মন্ত্রণালয়ে এরূপ কোন অধিশাখা সৃজিত নেই। এরূপ শাখা সৃজিত হলে রেলপথ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কার্যক্রম গতিশীল হবে। এসময় সভাপতি মহোদয় প্রশাসন উইং-কে রেলপথ মন্ত্রণালয়ে এরূপ অধিশাখা সৃজনে উদ্যোগ নেওয়ার নির্দেশনা দেন।

০৯। সভায় রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের ২য় কোয়ার্টারের (অক্টোবর, ২০১৯ – ডিসেম্বর, ২০১৯) কর ব্যতীত রাজস্ব প্রাপ্তি ও অগ্রগতি পর্যালোচনা করা হয়। দেখা যায় ২০১৯-২০ অর্থ বছরে রাজস্ব আয়ের ক্ষেত্রে ২য় কোয়ার্টারের অর্জন ও লক্ষ্যমাত্রার শতকরা হার আশানুরূপ নয়। পাশাপাশি ২০১৯-২০ অর্থ বছরের জন্য পরিচালন ব্যয় (কর্মসূচী ব্যতিত) নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে কম। এছাড়া আরো পর্যালোচিত হয় যে, ২০১৯-২০ অর্থ বছরের বাংলাদেশ রেলওয়ের ২য় কোয়ার্টারের প্রকল্প ভিত্তিক উন্নয়ন ব্যয় ও ব্যয়ের অগ্রগতিও সন্তোষজনক নয়। সভাপতি

মহোদয় ২০১৯-২০ অর্থ বছরের বাকী সময়ে সার্বিক অর্জনের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অতিক্রমে কার্যকর পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট সকল কর্মকর্তাদের আহবান জানান।

১০। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপভাবে সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করা হয়।

খ) রেলপথ মন্ত্রণালয়, সরকারী রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ২০১৯-২০ অর্থবছরের অবশিষ্ট সময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকবেন।

গ) বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন পর্যালোচনান্তে প্রণীত ফলাবর্তক অনুমোদন করা হয়।

ঘ) বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ ফলাবর্তকের আলোকে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকবেন এবং সমর্থিত প্রমাণক রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

ঙ) রেলপথ মন্ত্রণালয়ের প্রশাসন উইং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে রেলপথ মন্ত্রণালয়ে সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত অধিশাখা/শাখা সৃজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

চ) রেলপথ মন্ত্রণালয়, সরকারী রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বিভিন্ন কোডের বিপরীতে রাজস্ব আয় বৃদ্ধিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।

ছ) রেলপথ মন্ত্রণালয়, সরকারী রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ পরিচালন ব্যয়ের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।

জ) বাংলাদেশ রেলওয়ের আওতায় সকল উন্নয়ন প্রকল্পের পরিচালকগণ ২০১৯-২০ অর্থ বছরের জন্য নির্ধারিত ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সকল পদক্ষেপ গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সিনিয়র সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
রেলপথ মন্ত্রণালয়।